



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা
www.cabinet.gov.bd



স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮১৩.২৭.০৭৫.২০.৮৪

তারিখ: ১৪ চৈত্র ১৪২৭

২৮ মার্চ ২০২১

বিষয়: অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম গ্রহণ ও হালনাগাদ তথ্যাদি প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, জনগণের নিকট প্রশাসনের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণ এবং সেবার মানোন্নয়নের মাধ্যমে সুশাসন সংহতকরণের লক্ষ্যে সকল সরকারি দপ্তরের অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ ও হালনাগাদ তথ্যাদি সংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত ছকে (আওতাধীন দপ্তরসমূহের অভিযোগ সংক্রান্ত প্রতিবেদনসহ) মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিতভাবে প্রেরণের আবশ্যিকতা রয়েছে (অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকার অনুচ্ছেদ-৯(ঙ))।

০২। এমতাবস্থায়, অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং প্রতি মাসের ১০ তারিখের মধ্যে নির্ধারিত 'ছক' মোতাবেক (কপি সংযুক্ত) প্রয়োজনীয় তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮-৩-২০২১

মোঃ মখলেছুর রহমান

উপসচিব

বিভাগীয় কমিশনার (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮১৩.২৭.০৭৫.২০.৮৪/১(৩)

তারিখ: ১৪ চৈত্র ১৪২৭

২৮ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ

২৮-৩-২০২১

মোঃ মখলেছুর রহমান

উপসচিব

